(২৭/৬/২০২৫ তারিখের বোর্ড সভায় অনুমোদিত)

# নারী উদ্যোক্তা ঋণ নীতিমালা

মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর শুধু মাত্র নারী সদস্যদের উন্নয়নে সচ্ছলতা ও আর্থিকভাবে সহায়তা করার লক্ষ্যে নারী উদ্যোক্তা ঋণ বাস্তবায়ন করতে যাচ্ছে।

## ঋণ গ্রহণের যোগ্যতা ঃ

- ঋণ গ্রহীতাকে অবশ্যই মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড এর সদস্য হতে হবে।
- সমিতির সদস্য পদের বয়স কমপক্ষে ১ বছর হতে হবে।
- সমিতির কর্ম এলাকায় স্থায়ীভাবে বসবাসরত হতে হবে।
- মন্ডলীর বাইরে বিবাহ্ বন্ধনে আবদ্ধ হলে ঋণ গ্রহণের যোগ্য হবে না।
- সমিতির কোন অনিয়মিত সদস্য এ ঋণ পাওয়ার যোগ্য হবে না।

## ঋণ গ্রহণের নিয়মাবলী ঃ

- সমিতির নারী সদস্যদের উন্নয়নে আর্থিকভাবে সচ্ছলতা করার লক্ষ্যে এ ঋণ কার্যক্রম শুরু করা হয়েছে।
- ক্রেডিট ইউনিয়ন কর্তৃক সরবরাহকৃত নির্দিষ্ট আবেদন পত্রের মাধ্যমে ঋণের জন্য আবেদন করতে পারবে।
- বর্তমান শেয়ারের ১০ গুণ হিসাবে ১ লক্ষ টাকা থেকে ১০ লক্ষ টাকা পযর্ন্ত এ ঋণ প্রদান করা হবে।
- নারী উদ্যোক্তাকে ১ লক্ষ টাকা পর্যন্ত জামিন মুক্ত ঋণ দেওয়া হবে এবং ১ লক্ষ টাকার উর্ধ্বে ঋণের ক্ষেত্রে জামিন প্রদান করতে হবে।
- এ ঋণের ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই ব্যবসায়ে ধরণ অনুযায়ী প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে।
- প্রয়োজন সাপেক্ষে ব্যবসায়ের ট্রেড লাইসেন্স, টিন সার্টিফিকেট (যদি থাকে) ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিতে হবে এবং সদ্য তোলা ১ কপি পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে।
- নিজস্ব শেয়ার, পরিবারের কোন সঞ্চয়ী আমানত, এফ ডি আর, মর্টগেজ জামিনের মাধ্যমে এ ঋণের ক্ষেত্রে প্রদান করতে হবে।
- জমি বন্ধকীর ক্ষেত্রে ঋণ আবেদনের সাথে বন্ধকী জমি মালিকানার প্রয়োজনীয় রেকর্ডপত্র ও দলিলপত্র যথা- মূল দলিল, সিএস, এসএ, আরএস পর্চা, ডিসি আর এবং হালনাগাদ খাজনার রশিদের মূল কপি এবং বায়া দলিলের কপি দাখিল করতে হবে। ঋণ আবেদন ফরমের উল্লেখিত ও সংযুক্ত তথ্যাদি দলিলপত্র ও রেকর্ডপত্র ব্যবস্থাপনা কমিটি উপযুক্ত ব্যবস্থার মাধ্যমে সরজমিনে যাচাই, পরিদর্শন ও অনুসন্ধান করবে এবং সমিতির মনোনীত আইনজ্ঞ দ্বারা জমির রেকর্ডপত্র ও দলিলপত্র যাচাই ও পরীক্ষা পূর্বক আইনী মতামত গ্রহণ করা হবে। যাচাই ও অনুসন্ধান কালে কোন তথ্য মিথ্যা প্রমানিত হলে কিংবা প্রদত্ত তথ্যের সঠিকতা পাওয়া না গেলে ঋণ আবেদন বাতিল বলে গন্য হবে। আবেদন পত্র জমা দেয়ার সময় অফেরত যোগ্য সার্ভিস চার্জ ৩,০০০/- (তিন হাজার) টাকা সমিতি বরাবর প্রদান করতে হবে।

# Mathbari Christian Co-operative Credit Union Ltd.
# মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড

- এ ঋণের ক্ষেত্রে ৬ মাস পর্যন্ত শুধু সুদ দিবে এবং পরবর্তী ৬ মাসের পর থেকে ঋণের কিস্তি নিয়মিত প্রদান করতে হবে।
- ৫ লক্ষ টাকা পর্যন্ত ঋণ ৯৬ কিস্তিতে এবং এর উর্ধ্বে সকল ঋণ ১২০ সম-মাসিক কিস্তিতে পরিশোধ করতে হবে এবং এ সম্পর্কিত যাবতীয় খরচ আবেদনকারীকে বহন করতে হবে।
- এই ঋণ ১২% সুদে পরিশোধ করিতে হইবে।
- ৬৫ বছরের উর্ধ্বে কোন ব্যক্তি এ ঋনের আওতায় আসবে না ।
- ঋণ গ্রহণের সময় ৩০০ টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে আবেদনকারী ও পরিবারের উপার্জনক্ষম কোন ব্যক্তিকে স্বশরীরে উপস্থিত থেকে অঙ্গীকারনামায় ঋণ পরিশোধের স্বাক্ষর করতে হবে এবং এ সম্পর্কিত যাবতীয় খরচ আবেদনকারীকে বহন করতে হবে।
- এ ঋণের ক্ষেত্রে কোন প্রকার ঋণ নিরাপত্তা প্রিমিয়াম প্রদান করা হবে না।
- এ ঋণের ক্ষেত্রে রিবেট প্রদান করা হবে।
- কোন সদস্য নিয়মিত কিস্তি পরিশোধ না করিলে ক্রেডিটের নিয়মানুসারে সুদ ও জরিমানা সহ কিস্তি দিতে হবে।

উপরোক্ত নীতিমালা মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর ব্যবস্থাপনা কমিটি কর্তৃক প্রনীত বিধায় ভবিষ্যতে এর কোন পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন, বিয়োজন সম্পূর্ণ ক্রেডিট ইউনিয়নের এখতিয়ার ভুক্ত।

**টারজেন যোসেফ রোজারিও**
সেক্রেটারি
এমসিসিসিইউএল

**খ্রীষ্টফার দেশাই**
চেয়ারম্যান
এমসিসিসিইউএল